অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়ালকিলের স্থিতিশীলতা ও জরুরি সাড়াদান উন্নয়নে 1.8 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগের কাজ শেষ হওয়ার ঘোষণা দিলেন

ওয়ালকিলকে জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজনে সাহায্য করার 3.1 মিলিয়ন মার্কিন ডলার পরিকল্পনার অংশ

ভবিষ্যতের ঝড়ের সময় বন্যা হ্রাস করবে এবং অবকাঠামোর সুরক্ষা ও উন্নয়ন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে উইন্ডিং ব্রুক ফ্লাডপ্লেইন মিটিগেশন উদ্যোগের (Winding Brook Floodplain Mitigation initiative) কাজ শেষ হওয়ার ঘোষণা দিলেন, এটি ভবিষ্যতের ঝড়ের সময় বন্যার ক্ষয়ক্ষতি হ্রাস করার জন্য, অতি জরুরি অবকাঠামোর সুরক্ষা, এবং জরুরি সাড়াদান সক্ষমতা উন্নয়নের 1.8 মিলিয়ন মার্কিন ডলারের প্রচেষ্টা। প্রকল্পটি হারিকেন আইরিনের এবং ক্রান্তীয় ঝড় লিয়ের পর ওয়ালকিলের ঝড় স্থিতিশীলতা জোরদার করার সার্বিক 3.1মিলিয়ন মার্কিন ডলার পরিকল্পনার অংশ।

"যেহেতু আমাদের জলবায়ু পরিবর্তিত হচ্ছে এবং আরো ঘন ঘন তীব্র ঝড় হচ্ছে, আমাদের এমন সমাধান প্রয়োজন যা আমাদের সম্প্রদায়সমূহকে আরো স্থিতিশীল করবে," **গভর্নর হোকল বলেন।** "অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো দৃঢ় করা, সাড়াদানের সক্ষমতা উন্নত করা, এবং প্রস্তুত থাকার মাধ্যমে, আমরা ভবিষ্যৎ প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জলবায়ু পরিবর্তনের প্রভাব সামাল দেওয়ার ব্যাপারে সাহায্য করতে ভিত্তিপ্রস্তর স্থাপন করছি।"

ফ্লাডপ্লেইন মিটিগেশন প্রকল্পের মাধ্যমে, বড় ঝড়ের সময় মারাত্মক ক্ষতিগ্রস্ত দুইটি রাস্তা, বেন লোমন্ড ড্রাইভ এবং বাদামী ড্রাইভ সংলগ্ন কালভার্ট প্রতিস্থাপন করা হয়েছে যাতে করে উইন্ডিং ব্রুক করিডোরে পানির প্রবাহ উন্নত করা যায় এবং ঝড়ের পানির অতিরিক্ত প্রবাহ হ্রাস করা যায়। এছাড়াও ফুটপাথ এবং গাইডরেইল প্রতিস্থাপন করা হয়েছে, এবং কালভার্ট থেকে গাছপালা পরিষ্কার করা হয়েছে যাতে রাবিশ জমে যাওয়া হ্রাস করা যায়। কাজ শেষ হওয়ার পর, ওয়ালকিল টাউন একাধিক ঝড়ের সম্মুখীন হয়েছে এবং উন্নত ড্রেনেজের কারণে রাস্তাগুলি পানিমুক্ত ছিলো।

উইন্ডিং ব্রুক প্রকল্প ছাড়াও, ওয়ালকিলে গভর্নরের ঝড় অফিসের (Governor's Office of Storm Recovery, GOSR) কাজের মধ্যে রয়েছে স্টেট রুট 211 (SR 211) এবং ফিটজিরাল্ড ড্রাইভ সংলগ্ন ড্রেনেজ উন্নত করা, যার কাজ 2021 সালের ফেব্রুয়ারি মাসে শেষ হয়েছে। প্রকল্পটি পানি

জমা হ্রাস করার জন্য একটি বাধাপ্রাপ্ত ড্রেনেজ কালভার্টকে খুলে দিয়েছে, বা ডেলাইট করেছে। এছাড়াও এটি মুখ্য আবহাওয়া ঘটনার সময় অস্থায়ীভাবে ঝড়ের পানি ধারণ করতে একটি পানি আটকের এলাকা সম্প্রসারিত করেছে এবং ঝড়ের পানি শোষণের জন্য স্থানীয় গাছ এবং অন্যান্য গাছসহ একটি রিপারিয়ান বাফার স্থাপন করা হয়েছে।

এছাড়াও GOSR ব্যাটারি ব্যাকআপ সিস্টেম এবং হুক-আপ উপাদান স্থাপন করেছে যার ফলে SR 211 সংলগ্ন 15টি ট্র্যাফিক বাতিকে বহনযোগ্য ব্যাকআপ জেনারেটরের সাথে যুক্ত করা যায়, যার কাজ 2020 সালের আগস্ট মাসে শেষ হয়েছে। GOSR-কে অনুসরণ করে, SR 211 এবং অন্যান্য মুখ্য রাস্তা সংলগ্ন ওয়ালকিল ইন্টারসেকশনে আরো অতিরিক্ত হুক-আপ স্থাপন করা হবে।

GOSR-এ নিউ ইয়র্ক রাইজিং সম্প্রদায় পুনর্গঠন এবং অবকাঠামো কর্মসূচির (NY Rising Community Reconstruction and Infrastructure Programs) ডেপুটি নির্বাহী পরিচালক আইলিন মিউজ বলেন, "আমরা আনন্দিত যে GOSR-র সম্প্রদায়-চালিত তৃণমূল নকশা প্রক্রিয়ার ফলে এমন তিনটি প্রকল্প হয়েছে যা সম্পূর্ণ ওয়ালকিল সম্প্রদায়ের জন্য ভবিষ্যৎ ঝড় থেকে আরো ভালো সুরক্ষা নিশ্চিত করবে এবং নিউ ইয়র্ককে জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজন করতে সাহায্য করবে।"

সিনেটর মাইক মার্তুচি বলেন, "শুধু গত বছরেই অরেঞ্জ কাউন্টিতে একাধিক মারাত্মক আবহাওয়া ঘটনা ঘটেছে যার ক্ষতির ফলে আমাদের বাসিন্দাদের দুর্ভোগ হচ্ছে এবং তাদের দৈনন্দিন জীবন বিঘ্নিত হচ্ছে। এইরকম প্রকল্প এধরনের ভবিষ্যৎ ঘটনার থেকে রক্ষা পাওয়ার জন্য গুরুত্বপূর্ণ এবং নিশ্চিত করে যে আমাদের প্রথম সাড়াদানকারীরা দুর্যোগ সৃষ্ট বিপদ সামাল দেওয়ার জন্য সেরা অবস্থানে রয়েছে। আমি আমার সিনেট জেলা এবং এখানে বাসরত মানুষের জন্য এই উল্লেখযোগ্য বিনিয়োগ করার জন্য গভর্নরের ঝড় পুনরুদ্ধারের অফিসকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য আইলিন গান্থার বলেন, "আমি উইন্ডিং ব্রুক ফ্লাডপ্লেইন মিটিগেশন প্রকল্পের কাজ শেষ হতে দেখে খুশি। ওয়ালকিল সাম্প্রতিক বছরগুলিতে বন্যায় বিপর্যস্ত হয়েছে, এবং অবকাঠামো দৃঢ় করতে করা কাজ ভবিষ্যৎ বন্যার ঘটনায় আমাদের টাউনকে আরো ভালোভাবে প্রস্তুত রাখা নিশ্চিত করতে অনেক বেশি সাহায্য করবে। আমাদের অবকাঠামো দৃঢ় করার প্রয়োজনীয়তা অত্যন্ত জরুরি, এবং আমাদের এলাকায় বর্ধিত শক্তির ঝড় বার বার হওয়ার কারণে এই কাজটি এখন আরো দরকার। আমি আমাদের সম্প্রদায়সমূহে নিরাপত্তা ও টেকসই অবস্থা নিশ্চিত করতে আমার পুরো জেলাতে কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

ওয়ালকিল টাউনের সুপারভাইজার জর্জ সেরানো বলেন, "ওয়ালকিল টাউনদের দীর্ঘদিনের বাসিন্দা হিসেবে, আমি নিজের চোখে হারিকেন আইরিন ও হারিকেন লিয়ের ফলে হওয়া ক্ষতির পরিমাণ দেখেছি।আমাদের সম্প্রদায়ে এই ক্ষয়ক্ষতি ব্যবসা ও বাসিন্দা উভয়ের জন্য সমপরিমাণ বিধ্বংসী ছিলো।আমি গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসের সাথে আমাদের অংশীদারিত্ব এবং নিউ ইয়র্ক রাইজিং অনুদান কর্মসূচির (NY Rising Grant Program) মাধ্যমে তাদের প্রদত্ত তহবিল নিয়ে গর্বিত। এই অংশীদারিত্বের ফলে আমরা তিনটি প্রকল্পের কাজ শেষ

করতে পেরেছি যেগুলি আমাদের বাসিন্দাদের কোনও ব্যয় ছাড়াই নিরাপত্তা ও বন্যা উদ্বেগ প্রশমন করেছে।"

GOSR সম্পর্কে
2013 সালের জুন মাসে প্রতিষ্ঠিত, GOSR সমগ্র স্টেটে সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিক্যাল স্টর্ম লিয়ের পুনরুদ্ধার কাজের সমন্বয়সাধন করেছে। তার NY রাইজিং হাউজিং রিকভারি, ছোট ব্যবসা, সম্প্রদায় পুনর্গঠন, পরিকাঠামো, এবং ডিজাইন প্রোগ্রাম দ্বারা পুনর্নির্মাণের মাধ্যমে, GOSR ফেডারেল কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক অনুদান-দুর্যোগ পুনরুদ্ধার তহবিলে 4.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে নিউ ইয়র্ককে চরম আবহাওয়ার ঘটনাগুলির জন্য আরও ভালভাবে প্রস্তুত করতে। GOSR এবং এর কর্মসূচিসমূহের ব্যাপারে আরো তথ্য উপলভ্য আছে http://stormrecovery.ny.gov/এ।

নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি পুনর্গঠন (NY Rising Community Reconstruction, NYRCR) এবং অবকাঠামো কর্মসূচিসমূহের মাধ্যমে, স্টেট স্থিতিশীলতা বৃদ্ধি, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর সুরক্ষা, ভবিষ্যৎ দুর্যোগ সংশ্লিষ্ট ক্ষয়ক্ষতির ঝুঁকি প্রশমন, এবং দুর্ভোগ কমানোর জন্য সম্প্রদায়ের জন্য করা নিচ-থেকে-উপরে পরিকল্পনা প্রক্রিয়ার সময় একাধিক ধরনের উদ্যোগ তৈরি করেছে।

এখন বাস্তবায়ন পর্যায়ে, GOSR বিভিন্ন পৌরসভা, কাউন্টি, এবং অলাভজনক অংশীদারদের সাথে কাজ করে স্থানীয়ভাবে তৈরি করা শত শত প্রস্তাবনাকে বাস্তবায়িত করতে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন